# ফলাফল না দেখে ভোটকেন্দ্র ছাড়বেন না: জামায়াত আমির




জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

ভোট দিয়ে কেন্দ্র ত্যাগ না করে ফলাফল জানা পর্যন্ত অপেক্ষা করার আহ্বান জানিয়েছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তার ভাষ্য, ভোট দেওয়ার পরও অনিয়মের শঙ্কা থাকে, তাই ফল হাতে নিয়েই ঘরে ফেরা উচিত।

মঙ্গলবার (১০ ফেব্রুয়ারি) রাতে ১১ দলীয় নির্বাচনি ঐক্যের বৈঠক শেষে প্রেস ব্রিফিংয়ে তিনি এ কথা বলেন। উপস্থিত ছিলেন জোটের অন্যান্য নেতারাও। গণভোটের প্রসঙ্গ টেনে তিনি আশা প্রকাশ করেন, 'হ্যাঁ' পক্ষে বিপুল সমর্থন মিলবে। তার মতে, এমন ফল এলে দেশের কাঙ্ক্ষিত পরিবর্তনের পথ সুগম হবে এবং অতীতের বিভিন্ন ঘটনার বিচার প্রক্রিয়া এগোবে। তিনি জানান, ১১ দলীয় জোট শুরু থেকেই সংস্কার ও পরিবর্তনের পক্ষে অবস্থান নিয়ে এসেছে।

সুশাসন ও দুর্নীতিমুক্ত রাষ্ট্র গড়ার প্রত্যয় জানিয়ে জামায়াত আমির বলেন, সমাজের সব স্তরে ন্যায়বিচার প্রতিষ্ঠা করতে পারলে দেশ অনেক দূর এগোবে। তরুণদের প্রত্যাশার কথা উল্লেখ করে তিনি বলেন, তারা দয়া নয়, কাজ চায়; দেশ গঠনে অংশীদার হতে চায়। সেই লক্ষ্যেই তরুণ প্রজন্মকে এগিয়ে দেওয়ার প্রস্তুতির কথা জানান তিনি।

২০০৮ সালের পর প্রকৃত গণরায়ের প্রতিফলন হয়নি দাবি করে তিনি বলেন, এবার নির্বাচন ঘিরে মানুষের আগ্রহ স্পষ্ট। গ্রামের ভোটাররা নিজ এলাকায় ফিরে ভোট দিতে প্রস্তুত হচ্ছেন। তার প্রত্যাশা, গণরায় সঠিকভাবে প্রতিফলিত হলে দেশের রাজনীতিতে নতুন ধারা তৈরি হবে।

নির্বাচন পরিচালনায় সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের উদ্দেশে তিনি বলেন, প্রজাতন্ত্রের কর্মচারী হিসেবে নিরপেক্ষভাবে দায়িত্ব পালন করলে জনগণের আস্থা ও সম্মান অর্জন করা সম্ভব। কারও পক্ষ না নিয়ে আইন অনুযায়ী কাজ করার আহ্বান জানান তিনি।